



কালনা কলেজ

কালনা, বর্ধমান

অনলাইনে ভর্তির নিয়মাবলী

- ১। আগামী ৩০-০৫-২০১৭ তারিখ থেকে কালনা কলেজের ওয়েবসাইটে (www.kalnacollege.ac.in) বি,এ./বি,এস,সি/বি,কম অনার্স ও জেনারেল/পাশ কোর্সে ভর্তির অনলাইনে ফর্ম পাওয়া যাবে।
- ২। বর্ধমান বিশ্ববিদ্যালয় স্বীকৃত যেকোন বোর্ড বা কাউন্সিল থেকে হায়ার সেকেন্ডারী পাশ করলেই ভর্তির জন্য আবেদন করা যাবে।
- ৩। প্রথমে আবেদনকারীকে ঠিক করতে হবে কিভাবে ২০০ টাকা ফর্মের দাম সে জমা দেবে। অনলাইনে না অফলাইনে।
- ৪। অনলাইনে যেকোন ব্যাঙ্কের এ, টি, এম কার্ডের মাধ্যমে মোট ২০০ টাকা (ফর্মের দাম ২০০ টাকা + ব্যাঙ্ক চার্জ আলাদা) 'State Bank Collect' Online Fee Collection-এর সাহায্যে কলেজ অ্যাকাউন্টে জমা করে তারপর ফর্ম পূরণ করতে হবে।
- ৫। অফলাইনে ফর্মের দাম জমা দেওয়ার জন্য (১) স্টেট ব্যাঙ্ক [অ্যাকাউন্ট নম্বর ৩৫৭৫১০০৯৬৮৯] (২) ব্যাঙ্ক অফ বরোদা [অ্যাকাউন্ট নম্বর ৩৬২৩০১০০০০৯২৩৩] (৩) অ্যাক্সিস ব্যাঙ্ক [অ্যাকাউন্ট নম্বর], কালনা শাখার যে কোন একটি অ্যাকাউন্টে ২০০ টাকা জমা দিয়ে তারপর ফর্ম পূরণ করতে হবে। জমা দেওয়ার জন্য চালান ডাউনলোড করে নির্দিষ্ট ব্যাঙ্কের শাখায় টাকা জমা দিতে হবে।
- ৬। পূরণ করা ফর্ম ও জমা দেওয়া টাকার রসিদের প্রিন্ট কপি কলেজে জমা দেওয়ার জন্য অবশ্যই নিজের কাছে রাখতে হবে।
- ৭। একজন আবেদনকারী সর্বাধিক ৪টি অনার্স বিষয়ে আবেদন করতে পারবে এবং প্রাপ্ত নম্বর অনুযায়ী বিভিন্ন বিষয়ের মেধা তালিকায় বিভিন্ন স্থানে তার নাম আসতে পারে।
- ৮। পাশ কোর্সের আবেদনকারীরা মেধা অনুযায়ী পছন্দের বিষয় পাবে ও পছন্দের আসনে ভর্তি হতে পারবে।
- ৯। আগামী ১৮-০৬-২০১৭ তারিখ পর্যন্ত দিনে, রাতে সবসময়ে অনলাইনে ফর্ম জমা দেওয়া যাবে যেকোন জায়গা থেকে।
- ১০। আবেদনকারী অনার্স কিংবা পাশ যেকোন কোর্সে ভর্তি হতে চাইলে তাকে ফর্মের অনার্স ও পাশ উভয় অংশই পূরণ করতে হবে।
- ১১। আগামী ১৯-০৬-২০১৭ তারিখ অনার্সের বিভিন্ন বিষয়ে স্বল্পকালীন মেধা তালিকা প্রকাশ করা হবে।

- ১২। ২০-০৬-২০১৭ থেকে ২১-০৬-২০১৭ তারিখ পর্যন্ত মেধা তালিকার উপর যেকোন ধরনের সংশোধনী উপযুক্ত প্রমাণ সাপেক্ষে গ্রহন করা হবে।
- ১৩। ২২-০৬-২০১৭ তারিখ বিকাল ১১ টার সময় চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ করা হবে।
- ১৪। ২৩-০৬-২০১৭ তারিখ বেলা ১১ টার সময় বিজ্ঞান ও বাণিজ্য বিভাগের বিভিন্ন অনার্স বিষয়ে কাউন্সেলিং-এর মাধ্যমে অ্যাডমিশন শুরু হবে। বিজ্ঞান ও বাণিজ্য বিভাগের সমস্ত অনার্স বিষয়ের মেধা তালিকার অন্তর্ভুক্ত সকল আবেদনকারীকে ঐদিন বেলা ১০-৩০ টার মধ্যে নিম্নলিখিত কাগজপত্র নিয়ে অবশ্যই কলেজে হাজির থাকতে হবে। (১) অ্যাপ্লিকেশন ফর্মের কপি (২) অ্যাপ্লিকেশন ফি জমার রসিদ (৩) মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ডের জেরক্স কপি (৪) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের মার্কশীটের জেরক্স কপি (৫) স্কুল লিভিং সার্টিফিকেট (৬) কাস্ট সার্টিফিকেটের জেরক্স কপি এবং Original নিয়ে কাউন্সেলিং-এর সময় Verify করতে হবে ও উক্ত কাগজপত্র জমা রেখে অনলাইন/অফলাইনে Admission ফি জমা দিতে হবে।
- ১৫। কাউন্সেলিং-এ নাম ডাকার সময় ছাত্র-ছাত্রীদের অবশ্যই হাজির হতে হবে। অন্যথায় পরবর্তীকালে কোন অনুরোধ গ্রাহ্য হবে না।
- ১৬। ২৮-০৬-২০১৭ তারিখ কলা বিভাগের ভূগোল, ইংরাজী, বাংলা ও সংস্কৃত এবং ২৯-০৬-২০১৭ তারিখ ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, শিক্ষা ও অর্থনীতি অনার্সের জন্য কাউন্সেলিং-এর মাধ্যমে ভর্তি করা হবে। কলা বিভাগের সমস্ত অনার্স বিষয়ের মেধা তালিকার অন্তর্ভুক্ত সকল ছাত্র-ছাত্রীকে ঐ দুদিন বেলা ১০-৩০ টার মধ্যে উল্লিখিত কাগজপত্র নিয়ে অবশ্যই কলেজে হাজির থাকতে হবে।
- ১৭। অনলাইনে ভর্তির ফি (B.A. Hons. 1270/-, B. Sc. Hons. 2220/-, B. Com. Hons. 1270/-, B.A. Gen. 1260/-, B. Sc. Gen. 1890/-, B.Com. Gen. 1260/-) জমা দিয়ে রসিদের কপি তৎক্ষণাত কলেজের কাউন্টারে দেখিয়ে রোল নং, কলেজের রসিদ, আই কার্ড, অ্যাকাডেমিক ক্যালেন্ডার ও প্রস্পেক্টাস সংগ্রহ করলে তবেই অ্যাডমিশন সম্পূর্ণ হবে।
- ১৮। পাশ কোর্সের মেধা তালিকা ৩০-০৬-২০১৭ তারিখ প্রকাশ করা হবে। ০৩-০৭-২০১৭ থেকে ০৬-০৭-২০১৭ তারিখ পর্যন্ত মেধা তালিকা অনুযায়ী একই পদ্ধতিতে পাশকোর্সে ভর্তি করা হবে। ছাত্র-ছাত্রীদের নিয়মিত কলেজের নোটিশ বোর্ড কিংবা ওয়েবসাইটের নোটিশ দেখতে হবে।